

Bangladesh

ডায়েরী নং ২৬০/২৩  
তারিখ ১৩/৩/২৩  
কম্পিউটার শাখা, ওয়াসা, চট্টগ্রাম।



## চট্টগ্রাম পানি সরবরাহ ও পয়ঃনিষ্কাশন কর্তৃপক্ষ

নির্বাহী প্রকৌশলীর কার্যালয়, ডিজাইন বিভাগ  
ওয়াসা ভবন, দামপাড়া, চট্টগ্রাম।

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র।

ফোন: ০২৩৩৩৩৬৩৪৯২ ই-মেইল: cwasa.design.division@gmail.com.

স্মারক নং : ৪৬.০৬.০০০০.৩০৯.৩২.২০১.২২- ১৭

তারিখ : ০৭ মার্চ, ২০২৩ খ্রিঃ।

### বিজ্ঞপ্তি

(ক্যাটাগরী : প্লামিং / মেকানিক্যাল / ইলেকট্রিক্যাল / সিভিল)

বিষয় : ২০২৩-২০২৪ আর্থিক সালের ঠিকাদার তালিকাভুক্তি নবায়নকরণ প্রসঙ্গে।

উপরোক্ত বিষয়ের আলোকে জানানো যাইতেছে যে, আপনার ঠিকাদারী প্রতিষ্ঠানের ২০২২-২৩ আর্থিক সালের তালিকাভুক্তির মেয়াদ আগামী ৩০/০৬/২০২৩ইং তারিখে উত্তীর্ণ হয়ে যাবে। ২০২৩-২৪ আর্থিক সালের জন্য অগ্রহী ঠিকাদারী প্রতিষ্ঠানের তালিকাভুক্তি নবায়ন করতে নিম্নবর্ণিত কাগজপত্রসহ আগামী ২০ মার্চ ২০২৩ ইং এর মধ্যে নিজস্ব প্যাডে সদস্য সচিব, ঠিকাদার তালিকাভুক্তি কমিটি ও নির্বাহী প্রকৌশলী, ডিজাইন বিভাগ বরাবরে আবেদন করার জন্য অনুরোধ করা হল।

১। ক) ঠিকাদারী রেজিস্ট্রেশন বহি।

খ) ঠিকাদারী রেজিস্ট্রেশন বহিতে ছবি সম্বলিত পৃষ্ঠায় বর্ণিত ফটো, ক্যাটাগরী, তালিকার বর্ণনা ও ঠিকানা প্রভৃতি সত্যায়িত ফটোকপি।

২। যে শ্রেণীর জন্য নবায়ন করা হবে সেই শ্রেণীর ঠিকাদার হিসাবে যে কোন সিটি কর্পোরেশন হতে হালনাগাদ ট্রেড লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।

৩। মূল্য সংযোজন কর (VAT) (১১ ডিজিট/ অনলাইনে ৯ ডিজিট বিশিষ্ট) ও আয়কর (ITAX) (১২ ডিজিট) হালনাগাদ পরিশোধের কাগজপত্রের সত্যায়িত ফটোকপি।

৪। ইলেকট্রিক্যাল শ্রেণীর ক্ষেত্রে হালনাগাদকৃত বৈদ্যুতিক ABC লাইসেন্স এর সত্যায়িত ফটোকপি।

৫। প্রতিষ্ঠানের ই-মেইল এবং মোবাইল নম্বর পরিবর্তন হলে অত্র দপ্তরে অবহিত করতে হবে।

৬। যে সকল ঠিকাদারী প্রতিষ্ঠানের নিবন্ধন বহি শেষ হয়ে গেছে তাঁদেরকে ২০০/- (অফেরতযোগ্য) টাকা STD-3, জনতা ব্যাংক, ওয়াসা শাখায় জমাদানের রশিদ অত্র অফিসে দাখিল পূর্বক নতুন নিবন্ধন বহি সংগ্রহ করা বাঞ্ছনীয়।  
বর্ণিত দলিলাদি প্রদানের পর নবায়নের ফি ও মুসক জমাদানের ডিমান্ড নোট প্রদান করা হবে।

((বি: দ্র: প্রত্যেক বছর ২ শে মার্চ এর মধ্যে নবায়নের জন্য আবেদন করিতে ব্যর্থ হইলে ৩০ দিন গ্রেস পিরিয়ডের মধ্যে নবায়ন ফি এবং উহার সম পরিমাণ অর্থ বিলম্ব ফিসহ ( জনতা ব্যাংক, ওয়াসা শাখায় অত্র সংস্থার ডিমান্ড নোটের মাধ্যমে জমাকৃত টাকার রশিদসহ) নবায়নের জন্য আবেদন করা যাবে। গ্রেস পিরিয়ডে ৩০তম দিন অফিস ছুটির দিন হইলে ছুটির অব্যবহিত পরের কার্যদিবস গ্রেস পিরিয়ডের শেষ দিন বলিয়া বিবেচিত হইবে। উক্ত গ্রেস পিরিয়ড উত্তীর্ণ হওয়ার পর নবায়নের জন্য কোন আবেদন বিবেচনা করা হইবে না এবং তালিকাভুক্তি বাতিল হইয়া যাইবে ))।

সদস্য

ঠিকাদার তালিকাভুক্তি কমিটি

ও

নির্বাহী প্রকৌশলী

ডিজাইন বিভাগ, চট্টগ্রাম ওয়াসা।

তারিখ : ০৭ মার্চ, ২০২৩ খ্রিঃ।

স্মারক নং : ৪৬.০৬.০০০০.৩০৯.৩২.২০১.২২- ১৭ (২)

অনুলিপি সদয় অবগতির জন্য :

১। প্রধান প্রকৌশলী, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।

২। স্ত্রীস্বাক্ষর প্রকৌশলী (পি এন্ড সি), চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম।

৩। সিস্টেম এনালিস্ট, চট্টগ্রাম ওয়াসা, চট্টগ্রাম। (চট্টগ্রাম ওয়াসার ওয়েব সাইটে বর্ণিত নোটিশ প্রকাশের অনুরোধ করা হইল)।

সদস্য

ঠিকাদার তালিকাভুক্তি কমিটি

ও

নির্বাহী প্রকৌশলী

ডিজাইন বিভাগ, চট্টগ্রাম ওয়াসা।